

ত্রিপুরা সরকার  
তথ্য ও সংস্কৃতি অধিকার

\*\*\*\*\*

স-৯৪৮(আগরতলা ২৫।০৫)

বিশ্রামগঞ্জ, ২৫ মে, ২০২৩

জুন ও জুলাই মাসে সিপাহীজলা জেলায় স্বাস্থ্য শিবির

সিপাহীজলা জেলার ১৬৯টি গ্রাম পঞ্চায়েত ও এডিসি ভিলেজে আগামী জুন ও জুলাই মাসে স্বাস্থ্য শিবির অনুষ্ঠিত হবে। গ্রামীণ এলাকার জনসাধারণের কাছে স্বাস্থ্য পরিষেবার সুযোগ পৌঁছে দিতে এই স্বাস্থ্য শিবিরগুলি অনুষ্ঠিত হবে। জেলার বিভিন্ন প্রাথমিক স্বাস্থ্য কেন্দ্র, সামাজিক স্বাস্থ্য কেন্দ্র ও উপস্বাস্থ্য কেন্দ্রের অধীনে এই স্বাস্থ্য শিবিরগুলির আয়োজন করা হবে। জেলার মুখ্য স্বাস্থ্য আধিকারিকের কার্যালয় থেকে এই সংবাদ জানানো হয়েছে।

\*\*\*\*\*